

পত্র নং:- ৩৩.০২.০০০০.৯২৭.৩৪.০০২.২১.৩৫৬

তারিখঃ ২৮/১২/২০২১খ্রি.

অফিস স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের উপকূলীয় এলাকাসহ দেশের অন্যান্য নদ-নদীতে মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল, যেমন- বেহন্দী জাল, কারেন্ট জাল, মশারী জাল, চটজাল, পাই জাল, টং জাল ইত্যাদি জালের ব্যবহার বন্ধে বিগত বছরগুলোর ন্যায় ২০২২ সালেও “বিশেষ কস্মিং অপারেশন-২০২২” পরিচালনা করা হবে। ২০২২ সালে বিশেষ কস্মিং অপারেশন পরিচালনার লক্ষ্যে ২৭ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখ হতে চার (০৪) ধাপে মোট ৩০ (ত্রিশ) দিন এ অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। “বিশেষ কস্মিং অপারেশন-২০২২” পরিচালনার সময় নিম্নে প্রদত্ত হলো:

১ম ধাপ	-	৩০ ডিসেম্বর, ২০২১ হতে ০৫ জানুয়ারি, ২০২২	(০২ জানুয়ারি অমাবস্যা)
২য় ধাপ	-	১৪ জানুয়ারি হতে ২১ জানুয়ারি ২০২২	(১৭ জানুয়ারি পূর্ণিমা)
৩য় ধাপ	-	২৮ জানুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি, ২০২২	(০১ ফেব্রুয়ারি অমাবস্যা)
৪র্থ ধাপ	-	১৩ ফেব্রুয়ারি হতে ২০ ফেব্রুয়ারি, ২০২২	(১৬ ফেব্রুয়ারি পূর্ণিমা)

উপরিষ্টিত সময়ে আপনার জেলা এবং জেলার আওতাধীন উপজেলাসমূহে অবৈধ জাল অপসারণে “বিশেষ কস্মিং অপারেশন-২০২২” পরিচালিত হবে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে মৎস্য অধিদপ্তর, জেলা/উপজেলা প্রশাসন, পুলিশ, বাংলাদেশ নৌ-বাহিনী, বাংলাদেশ কোস্ট গার্ড, নৌ পুলিশ এবং র্যাব যৌথভাবে এই অপারেশন পরিচালনা করবে। “বিশেষ কস্মিং অপারেশন-২০২২” সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রারম্ভিক কাজের অংশ হিসেবে জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন, জেলা/উপজেলা পর্যায়ে বিশেষ কস্মিং অপারেশনের কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত সভা আয়োজনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা আবশ্যিক।

এমতাবস্থায় জেলা/উপজেলা পর্যায়ে প্রস্তুতিমূলক কার্যক্রম (প্রচার প্রচারণা, সভা ইত্যাদি) সম্পন্নকরত এতদসংক্রান্ত প্রতিবেদন এবং অপারেশন শুরুর দিন হতে দৈনিক অভিযানের প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক নিম্নবর্ণিত ই-মেইলে প্রেরণ এবং “বিশেষ কস্মিং অপারেশন-২০২২” সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য নিম্নবর্ণিত টেলিফোন/মোবাইল ফোনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ই-মেইল: [hilshadof@gmail.com](mailto:hilshadof@gmail.com)

টেলিফোন নং- ০২-৯৫১৩৮৫৮

মোবাইল নং- ০১৭১১-১৩৬৮৪৫/০১৭৭৭-৯৫৮৪৪০

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

বঙ্গবন্ধু  
২৮/১২/২১  
(কাজী শামস আফরোজ)

মহাপরিচালক

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

ফোন: ০২-২২৩৩৮২৮৬১

ই-মেইল: [dg@fisheries.gov.bd](mailto:dg@fisheries.gov.bd)

তারিখঃ ২৮/১২/২০২১খ্রি.

পত্র নং:- ৩৩.০২.০০০০.৯২৭.৩৪.০০২.২১.৩৫৬/১(৫৯)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (তালিকাটি জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়):

১. অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক (অভ্যন্তরীণ/রিজার্ভ)/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্ত (মৎস্য পরিকল্পনা ও জরিপ/মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম;

২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা;
৩. উপ-পরিচালক, প্রশাসন/ অর্থ ও পরিকল্পনা/মৎস্যচাষ/ফিস্ড সার্ভিস/চিংড়ি, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
৪. উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ বরিশাল বিভাগ, বরিশাল/ খুলনা বিভাগ, খুলনা;
৫. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর;
৬. জেলা প্রশাসক ও সভাপতি, ইলিশ সম্পদের উন্নয়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটি, চাঁদপুর/লক্ষ্মীপুর/নোয়াখালী/চট্টগ্রাম/কক্সবাজার/বরিশাল/ভোলা/পটুয়াখালী/বরগুনা/পিরোজপুর/ঝালকাঠি/বাগেরহাট/খুলনা/ সাতক্ষীরা/শরীয়তপুর/মাদারীপুর এবং মুন্সীগঞ্জ;
৭. জেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিব, ইলিশ সম্পদের উন্নয়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটি, চাঁদপুর/লক্ষ্মীপুর/নোয়াখালী/চট্টগ্রাম/কক্সবাজার/বরিশাল/ভোলা/পটুয়াখালী/বরগুনা/পিরোজপুর/ঝালকাঠি/বাগেরহাট/খুলনা/ সাতক্ষীরা/শরীয়তপুর/মাদারীপুর এবং মুন্সীগঞ্জ;
৮. প্রধান সমন্বয়কারী (আইসিটি শাখা) (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো);
৯. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, ইলিশ সম্পদের উন্নয়ন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটি.. . . . . . ;
১০. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিব, ইলিশ সম্পদের উন্নয়ন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটি.. . . . . . ;
১১. জনাব/বেগম, .. . . . . . ;
১২. দপ্তর নথি।

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ (তালিকাটি জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, সদর দপ্তর, ব্লক-ই, প্লট-১২/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, উত্তরা, ঢাকা;
৩. চেয়ারম্যান, মৎস্য উন্নয়ন কর্পোরেশন, কাওরান বাজার, ঢাকা;
৪. পরিচালক, নৌ অপারেশন্স, বাংলাদেশ নৌবাহিনী, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা;
৫. পরিচালক, অপারেশন্স, বাংলাদেশ বিমান বাহিনী, কুর্মিটোলা, ঢাকা;
৬. ডিআইজি, নৌ পুলিশ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ;
৮. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. সচিববের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৯/০২/২১

(মাসুদ আরা মমি)

উপপ্রধান

ইলিশ ব্যবস্থাপনা শাখা

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা  
ঢাকা।